মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভার কার্যবিবরণী।

মেহেরপুর পৌরসভার উদ্যোগে অদ্য ২৪/০২/২০২২ ইং তারিখ রোজ রবিবার বেলা ১০.০০ ঘটিকায় পৌরসভার কালাচাঁদ সভাকক্ষে 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির মাসিক সভা অনুষ্ঠিত হয়। সভায় সভাপতিত্ব করেন অত্র পৌরসভার ৭, ৮ ও ৯ নং ওয়ার্ডের সংরক্ষিত আসনের মহিলা কাউন্সিলর জনাবা হামিদা।

আলোচ্য সূচী :

১. বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন।

২. জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারী দিবসে র‍্যালী করণ প্রসংগে।

৩. বিবিধ।

সভার শুরুতে সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে আন্তরিক অভিনন্দন জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত
বিগত সভার কার্যবিবরণী পাঠ ও অনুমোদন	সভায় সভাপতি মহোদয় আলোচ্য বিষয় অনুযায়ী অত্র পৌরসভার বস্তি উন্নয়ন কর্মকর্তা ও অত্র কমিটির সাচিবিক দায়িত্ব পালনকারী জনাব খোন্দকার জাহিদুল হককে গত ২৫/০১/২০২২ ইং তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরনী অত্র সভায় পাঠ করার অনুরোধ করেন। কার্যবিবরণীটি পাঠান্তে কোন সংশোধনী বা সংযোজনী না থাকায় উহা সর্বসম্মতিক্রমে সভায় গৃহীত হয়।	পঠিত ও গৃহীত হল।
জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় নারী দিবসে র‍্যালী করণ প্রসংগে।	নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি জনাব হামিদা সভায় জানান যে, জেন্ডার এ্যাকশন প্ল্যান (GAP) বাস্তবায়নে মেহেরপুর পৌরসভায় তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় আগামী ৮ মার্চ বিশ্ব নারী দিবস'২২ উপলক্ষে একটি র‍্যালী ও র‍্যালী পরবর্তী আলোচনা সভা করা নির্দেশনা রয়েছে। সেই সাথে প্রতিটি ওয়ার্ডে একটি করে র‍্যালী করে পৌরসভায় এসে মূল র‍্যালীতে অংশ নিবে। সভাপতি মহোদয় র‍্যালী ও আলোচনা সভাটি সুষ্ঠ ও সুন্দর করতে মেয়র মহোদয় সহ সকলের সহযোগিতা ও পরামর্শ কামনা করেন। মেয়র মহোদয় এ বিষয়ে সভায় বলেন, মেহেরপুর পৌরসভায় প্রতি বছর যাকযমকপূর্ণ ভাবে বিশ্ব নারী দিবস পালন করা হয়ে থাকে। এই বছরও এর ব্যতায় হবেনা। তবে তিনি করোনার কারণে সকলকে স্বাস্থ্যসম্মত ভাবে এবং মাস্ক ও স্যানিটাইজার ব্যবহার করে ও দুরত্ব বজায় রেখে র‍্যালীতে অংশ নেওয়ার আহবান জানান। তিনি বস্তি উন্নয়ন কর্মকর্তাকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা দেন। তিনি নারী কাউন্সিলরসহ সকল ওয়ার্ড কাউন্সিলরগণকে এ	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

	ব্যাপারে প্রয়োজনীয় সহযোগিতা করার জন্য বলেন। তবে সব কিছুই যেন স্বাস্থ্যবিধি মেনে করা হয় সেদিকে বিশেষ দৃষ্টি দেওয়ার জন্য বলেন। তিনি র‍্যালীতে অসুস্থ, বয়স্ক ও সকল শিশুদের অংশ না নেওয়ার জন্য আহবান জানান। র‍্যালীটির সার্বিক ব্যবস্থাপনার সাথে নিরাপত্তার জন্য পুলিশ প্রশাসনকে অবহিত করার জন্য নির্দেশনা দেন।	
বিবিধ	জনাবা মোছাঃ শিউলী খাতুন, কাউন্সিলর, ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড (সংরক্ষিত), মেহেরপুর পৌরসভা, সভায় বলেন, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ সেক্টর প্রকল্পের আওতায় পৌরসভার বিভিন্ন ওয়ার্ডে নারী কাউন্সিলরের নেতৃত্বে উঠান বৈঠক অনুষ্ঠিত হয়। এই উঠান বৈঠকে অনেক নারী অংশ নেন। এই বৈঠকে নারীদের স্বাস্থ্য ব্যবস্থা ও পিরিয়ড কালীন বিভিন্ন করনীয় বিষয় নিয়ে আলোচনা করা জন্য কোন ডাক্তার অথবা স্বাস্থ্যকর্মী থাকলে খুবই ভালো হয়। বিষয়টি নিয়ে মেয়র মহোদয়ের দৃষ্টি আর্কষন করেন। মেয়র মহোদয় সভায় বলেন, বিষটি খুবই গুরুত্বপূর্ণ। সবসময় না হলেও মাঝে মাঝে ডাক্তার/স্বাস্থ্যকর্মী নিয়ে মহিলাদের পিরিয়ড কালীন ব্যবস্থা অথবা নারীদের একান্ত ব্যাক্তিগত বিষয় নিয়ে আলোচনা করা যেতে পারে। তিনি মেহেরপুর হাসপাতালের ডাক্তারের সঙ্গে কথা বলে ব্যবস্থা নিবেন এবং পৌরসভার স্বাস্থ্যকর্মীগণ এ ব্যাপারে সহযোগিতা করার জন্য নির্দেশনা দেন।	পৌর পরিষদ ও নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটির সকল সদস্য।

সভার এই পর্যায়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় সকলকে আবারো ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

(হামিদা)
মহিলা কাউন্সিলর ৭, ৮ ও ৯ নং ওয়ার্ড
ও সভাপতি
নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি
মেহেরপুর পৌরসভা।

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরিত হল:

১. প্রকল্প পরিচালক, তৃতীয় নগর পরিচালন ও অবকাঠামো উন্নতিকরণ (সেক্টর) প্রকল্প, এলজিইডি, আগারগাঁও, ঢাকা।
২. জনাব ...., সদস্য, নারী ও শিশু বিষয়ক স্থায়ী কমিটি, মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট কঃ

সভার নামঃ 'নারী ও শিশু বিষয়ক' স্থায়ী কমিটির সভা

সভার তারিখঃ ২৪/০২/২০২২ ইং

সভার সময়ঃ বেলা ১০.০০ ঘটিকা

সভার স্থানঃ পৌর কালাচাঁদ সভা কক্ষ

সভায় উপস্থিত সদস্যগনের নাম ও স্বাক্ষরঃ

ক্রঃনং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব মোঃ মাহফুজুর রহমান রিটন	মেয়র, মেহেরপুর পৌরসভা	
২	জনাবা মোছাঃ আলপনা খাতুন	মহিলা কাউন্সিলর ১, ২ ও ৩ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৩	জনাব মোছাঃ শিউলী খাতুন	মহিলা কাউন্সিলর ৪, ৫ ও ৬ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৪	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, ০৭ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৫	জনাব সৈয়দ মনজুরুল কবীর	কাউন্সিলর, ০৮ নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা	
৬	মোছাঃ হাসিনা খাতুন	টিএলসিসি সদস্য, মেহেরপুর পৌরসভা	
৭	খোন্দকার জাহিদুল হক	বস্তি উন্নয়ন কর্মকর্তা, মেহেরপুর পৌরসভা	28/02/22
৮	মো: আমিরুল ইসলাম	CDA (UGIIP-3)	
৯			